দৈনিক খবর
তারিখ 07 JUL 1988
পৃষ্ঠা ... 1 ... কলাম 8

বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ঃ

# শিক্ষামন্ত্রীর বক্তব্যে ক্ষোভ প্রকাশ

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতিসহ বিভিন্ন শিক্ষক ও ছাত্র সংগঠন বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩ পরিবর্তন ও শিক্ষা প্রতিষ্ঠানের অনুদান বন্ধ সংক্রান্ত শিক্ষামন্ত্রীর বক্তব্যে তীব্র ক্ষোভ প্রকাশ

৭-এর পাতায় দেখুন

# শিক্ষা মন্ত্রীর বক্তব্যে

প্রথম পৃষ্ঠার পর

করেছেন এবং এ ধরনের হীন পদক্ষেপের বিরুদ্ধে তীব্র প্রতিরোধ তোলার আহবান জানিয়েছেন।

পৃথক পৃথক বিবৃতিতে সংগঠনগুলো বলেছে, '৬১ সালের পাকিস্তানী কালাকানুনের বিরুদ্ধে দীর্ঘ আন্দোলন করেও স্বায়ত্তশাসনের দাবী জানিয়ে '৭১-এর মুক্তিযুদ্ধের পর বিশ্ববিদ্যালয় আদেশ '৭৩ প্রতিষ্ঠিত হয়। এ অধ্যাদেশ কারো করুণার ওপর নির্ভর করে আসেনি। তাই 'অবৈধ' সংসদে শিক্ষামন্ত্রীর মুখ থেকে এ সংক্রান্ত উক্তি গ্রহণযোগ্য নয়।

বিবৃতিতে এ উক্তির তীব্র নিন্দা করে বলা হয়, সরকার বিশ্ববিদ্যালয়ের ওপর হীন কায়েমী স্বার্থ প্রতিষ্ঠার জন্যই ছাত্র-শিক্ষা-কর্মচারীদের দীর্ঘ আন্দোলনের ফসল '৭৩-এর স্বায়ত্তশাসন অধ্যাদেশ সংশোধনের পাঁয়তারা করছে। গোটা বিশ্ববিদ্যালয় পরিবার প্রয়োজনে বুকের রক্ত দিয়ে বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন বিরোধী চক্রান্ত প্রতিহত করবে।

**বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি**

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক এম আমিনুল ইসলাম ও সাধারণ সম্পাদক ডঃ মোহসীন উল্লা পাটোয়ারী এক বিবৃতিতে শিক্ষামন্ত্রীর বক্তব্যে গভীর ক্ষোভ প্রকাশ করে বলেন, আমরা পুনরায় সংশ্লিষ্ট সকল মহলকে স্মরণ করিয়ে দিতে চাই যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ ১৯৭৩ রক্ষা করতে দৃঢ় প্রতিজ্ঞ।

এছাড়াও বিবৃতি দিয়েছেন, কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ডঃ ম আক্তারুজ্জামান ও সাধারণ সম্পাদক অধ্যাপক গোলাম সামদানী কোরায়শী, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির মহাসম্পাদক মোহাম্মদ তাহের উল্লা ও সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান বাবুল, বাংলাদেশ ছাত্র মৈত্রীর সভাপতি জহির উদ্দিন স্বপন ও সাধারণ সম্পাদক নূর আহম্মদ বকুল, গণতান্ত্রিক ছাত্র ইউনিয়ন সভাপতি আখতার সোবহান মাসরুর ও সাধারণ সম্পাদক সুজাউদ্দিন জাফর, জাতীয় জনতা পার্টি প্রধান শেখ আসাদ, বাংলাদেশ ছাত্র ফেডারেশন সভাপতি ফয়জুল হাকিম ও সাধারণ সম্পাদক সৈয়দ জাহাঙ্গীর, জাতীয় ছাত্র ইউনিয়নের যুগ্ম আহবায়ক আমিরুল হক আমিন ও আবেদ রাজা।

এদিকে বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসী তৎপরতা ও বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩-এর বিরুদ্ধে সরকারী মহলের 'ধৃষ্টতাপূর্ণ' বক্তব্যের প্রতিবাদে ছাত্র সংগ্রাম পরিষদ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা আজ বৃহস্পতিবার সকাল দশটায় অপরাজেয় বাংলার পাদদেশে এক সমাবেশের আয়োজন করবে। সমাবেশ শেষে তারা উপাচার্যের কাছে স্মারকলিপি পেশ করবে।

ছাত্র সংগ্রাম পরিষদ ঢাকা কলেজ শাখা এক বিবৃতিতে কিছু সংখ্যক বহিরাগত অস্ত্রধারীদের দ্বারা গত ৫ই জুলাই সন্ত্রাস ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের ওপর হামলার নিন্দা করেছে।